

## ২৫তম সভার কার্য বিবরণী

সীড প্রমোশন কমিটির ২৫তম সভা গত ২০-০৭-২০০৩ ইং তারিখে বেলা ২.৩০ ঘটিকায় বৃক্ষ মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হয়। উক্ত সভায় জনাব মুহম্মদ আবুল কাশেম, অতিরিক্ত সচিব (প্রশাসন ও উপকরণ) সভাপতিত্ব করেন। সভার কার্যপত্র অনুযায়ী বিগত ১২/৫/০৩ ও ১৬/৬/০৩ তারিখের গৃহীত সিদ্ধান্ত অনুমোদন এবং ২০০৩-০৪ উৎপাদন মৌসুমের বীজআলু উৎপাদন লক্ষ্যমাত্রা নির্ধারণের লক্ষ্যে আলোচনা করা হয়। সভায় নিম্নবর্ণিত বিষয়সমূহের উপর আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয় :

**আলোচ্য সূচী-১ :** গত ১২/৫/২০০৩ ইং তারিখে অনুষ্ঠিত সীড প্রমোশন কমিটির ২৪তম সভার কার্য বিবরণী অনুমোদন।

**আলোচনা :**

সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে সীড প্রমোশন কমিটির সদস্য-সচিব ও মহা-ব্যবস্থাপক (বীজ) জনাব মোঃ জহিরউদ্দিন তালুকদার আলোচনার সূত্রপাত করেন। তিনি সবাইকে স্বাগত জানিয়ে ১২/৫/০৩ ইং তারিখে অনুষ্ঠিত ২৪তম সভার কার্য-বিবরণী অনুমোদনের জন্য সভায় পেশ করেন।

**সিদ্ধান্ত :**

গত ১২/৫/০৩ ইং তারিখে অনুষ্ঠিত সীড প্রমোশন কমিটির ২৪তম সভার কার্য বিবরণী সর্বসমত্বাবে অনুমোদিত হয়।

**আলোচ্য সূচী-২ :** গত ১৬/৬/২০০৩ ইং তারিখে অনুষ্ঠিত সীড প্রমোশন কমিটির বিশেষ সভার কার্য বিবরণী অনুমোদন।

**আলোচনা :**

সভাপতি মহোদয় স্বর্ণা ধান বীজ থেকে বিআর-১১ জাতের আমন ধান বীজে সিথ ব্লাইট আসতে পারে কিনা এবং এর দমন কিভাবে করা যায় তা ‘ব্রি’র প্রতিনিধির কাছে জানতে চান। তিনি সিথ ব্লাইট রোগের সঠিক কারণ নির্ণয় ও নিয়ন্ত্রণকল্পে কর্মসূচী নেয়ার প্রয়োজনীয়তার কথা উল্লেখ করেন। এছাড়া বিআর-১১ জাতের প্রতিস্থাপনকারী নতুন জাত কৃষক পর্যায়ে জনপ্রিয়তা সৃষ্টির বিষয়ে ডিএই সহ সংশ্লিষ্ট সকলকে সমন্বয়ের মাধ্যমে কাজ করার অনুরোধ জানান। এ ব্যাপারে ‘ব্রি’র প্রতিনিধি একমত পোষণ করেন।

**সিদ্ধান্ত :**

১. গত ১৬/৬/০৩ ইং তারিখে অনুষ্ঠিত সীড প্রমোশন কমিটির বিশেষ সভার কার্য বিবরণী সর্বসমত্বাবে অনুমোদিত হয়।
২. সিথ ব্লাইট রোগের সঠিক কারণ নির্ণয় ও নিয়ন্ত্রণে ডিএই, বিনা ও ব্রি সমন্বয়ে গঠিত কমিটি সরেজমিনে পরিদর্শনের পর সুনির্দিষ্ট সুপারিশমালাসহ একটি সমর্বিত রিপোর্ট দাখিল করবে। দায়িত্ব : ‘ব্রি’।

**আলোচ্য সূচী-৩ :** ২০০৩-০৪ মৌসুমের জন্য জাতওয়ারী বীজআলু উৎপাদন লক্ষ্যমাত্রা নির্ধারণ।

**সিদ্ধান্ত :**

১. ২০০৩-০৪ উৎপাদন মৌসুমে ভিত্তি ও মানঘোষিত সর্বমোট ১০৩৫০ টন বীজআলুর মধ্যে ভিত্তি ১৮৫০ টন (ডায়মন্ট ১৭৫৫ টন, ৭২ টন কার্ডিনাল, ফ্রেনুলা ১৫ টন, মূলটা ৪ টন, পেট্রোনিজ ৪ টন) এবং মানঘোষিত ৮৫০০ টন (ডায়মন্ট ৮০০০ টন ও কার্ডিনাল ৫০০ টন) বীজআলু উৎপাদন করবে। দায়িত্ব : বিএভিসি।
২. ২০০৩-০৪ সালে ভিত্তি বীজ উৎপাদনের জন্য ৯৭ টন ডায়মন্ট এবং কর্মশিল্পী ভ্যারাইটি হিসেবে ৩ টন ফ্রেনুলা জাতের বেসিক সীড ক্লাস-ই আমদানি করবে। দায়িত্ব : বিএভিসি।
৩. টিসিআরসি থেকে টিস্যুকালচারের মাধ্যমে উৎপাদিত ও সংগৃহীত মূলটা ও পেট্রোনিজ জাতের ব্রিডার বীজ দ্বারা ভিত্তি বীজআলু উৎপাদন করবে। দায়িত্ব : বিএভিসি।
৪. ২০০২-০৩ সনে আমদানীকৃত ডায়মন্ট ক্লাস-ই ভিত্তিবীজ হতে উৎপাদিত ও সংগৃহীত ২০-২৭ মিলিমিঃ আকৃতির (আভারসাইজ) এবং ৫৬-৬০ মিলিমিঃ আকৃতির (ওভারসাইজ) বীজআলু দ্বারা ভিত্তি বীজআলু উৎপাদন করবে। দায়িত্ব : বিএভিসি।

৫. জাতীয় বীজ বোর্ড-এর সভায় উপস্থাপিত নতুন গতি জাতের বীজআলু কৃষি সম্প্রসারণ অধিদলের মাধ্যমে জনপ্রিয় করা এবং বিএডিসি'র মাধ্যমে পরবর্তীতে উৎপাদন কর্মসূচীতে অন্তর্ভুক্ত করা। দায়িত্ব : বিএডিসি ও ডিএই।

আলোচ্য সূচী-৪ : বিবিধ।

বীজ প্রত্যয়ন এজেন্সি'র প্রতিনিধি সভায় বিএডিসি'র মাধ্যমে প্রত্যায়িত বীজ উৎপাদনের অনুরোধ জানান এবং তিনি বিএডিসি'র মানঘোষিত বীজের ব্যাপারে বিজ্ঞপ্তি প্রতিক্রিয়া ব্যক্ত করেন। এ ব্যাপারে বিএডিসি'র যুগ্ম-পরিচালক (মান নিয়ন্ত্রণ) সভায় উল্লেখ করেন যে, বিএডিসি নিজস্ব খামারে এবং চুক্তিবদ্ধ চাষীদের মাধ্যমে বীজ উৎপাদন করে এবং বীজের মান নিয়ন্ত্রণের পদক্ষেপ হিসেবে মন্ত্রণালয়ের নির্দেশে বীজ প্রত্যয়ন এজেন্সি, টিসিআরসি'র প্রতিনিধির সমর্থনে কমিটির মাধ্যমে চূড়ান্ত বীজ ফসলের মাঠ পরিদর্শন করে এবং কেন্দ্রীয় বীজ পরীক্ষাগুরুরে ইলাইজা টেস্টের মাধ্যমে মান নিয়ন্ত্রণ করা হয়ে থাকে। এছাড়াও বিএডিসি'র বীজের জন্য জবাবদিহিতা রয়েছে। বিএডিসি'র সরবরাহকৃত বীজ চাষী পর্যায়ে সমাদৃত। তাছাড়া মানঘোষিত বীজ যে কোন শ্রেণীর বীজ ব্যবহার করে উৎপাদন করা যাবে মর্মে বীজ আইনে বলা হয়েছে।

মহাপরিচালক (বীজ উইং), কৃষি মন্ত্রণালয় সভায় বীজের শ্রেণী বিভাগের কথা উল্লেখ করে বলেন যে, মানঘোষিত বীজ উৎপাদনকারী প্রতিষ্ঠানকে বীজের গুণগত মান সংরক্ষণের ব্যাপারে জবাবদিহি করতে হয়। তাই এ ব্যাপারে কোন মতামত প্রয়োজন আছে বলে মনে হয় না।